

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ বৈশাখ ১৪২২/১৩ মে ২০১৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৫.১২১—গত ৭ মে ২০১৫ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে লন্ডনের হ্যাম্পস্টেড অ্যান্ড কিলবার্ন নির্বাচনী এলাকায় লেবার পার্টি মনোনীত বাংলাদেশি বংশোদ্ভূত প্রার্থী মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক বিজয়ী হয়েছেন। এ ছাড়া, বাংলাদেশি বংশোদ্ভূত মির্জা রুপা হক ইলিং সেন্ট্রাল অ্যান্ড অ্যাকটন এবং মির্জা রুশনারা আলী বেথনাল গ্রিন অ্যান্ড বো নির্বাচনী এলাকা থেকে বিজয়ী হয়েছেন।

২। মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা। বঙ্গবন্ধুর রাজনৈতিক আদর্শের একজন উত্তরাধিকারী হিসাবে তাঁর দৌহিত্রীর রাজনীতিতে যোগদান এবং স্থায়ী অবস্থান সুসংহত করে সংসদীয় গণতন্ত্রের গীঠস্থান যুক্তরাজ্যে এমপি নির্বাচিত হওয়া বাংলাদেশ ও বাঙালির জন্য গৌরবের বিষয়। একটি স্বাধীন দেশের স্থপতির একজন উত্তরসূরীর অপর একটি দেশের পার্লামেন্ট নির্বাচনে বিজয়ী হওয়া বিশ্বে একটি বিরল ঘটনা। এই বিজয় মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিকের আত্মবিশ্বাস, সাংগঠনিক দক্ষতা, গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তার প্রতিফলন। এ ক্ষেত্রে তাঁর মা শেখ রেহানা এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষা, দিকনির্দেশনা ও অনুপ্রেরণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

( ৩২১৭ )

মূল্য : টাকা ৪.০০

৩। ব্রিটিশ শাসকেরা দীর্ঘকাল এই উপমহাদেশ শাসন করেছে। এই পর্যায়ে যুক্তরাজ্যের হাউজ অব কমন্সে বাংলাদেশি বংশোদ্ভূত মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, মির্জা রুশনারা আলী ও মির্জা রূপা হকের নির্বাচন এবং ঐ দেশের রাষ্ট্রব্যবস্থায় তাঁদের সক্রিয় অংশগ্রহণ বাঙালি জাতির জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও সমৃদ্ধ ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক এবং সেইসঙ্গে মির্জা রুশনারা আলী ও মির্জা রূপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৮ বৈশাখ ১৪২২/১১ মে ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উল্লিখিত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা  
মন্ত্রিপরিষদ সচিব।

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৮ বৈশাখ ১৪২২

ঢাকা:-----  
১১ মে ২০১৫

গত ৭ মে ২০১৫ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে লন্ডনের হ্যাম্পস্টেড অ্যান্ড ফিলবার্ন নির্বাচনী এলাকায় লেবার পার্টি মনোনীত বাংলাদেশি বংশোদ্ভূত প্রার্থী মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক বিজয়ী হয়েছেন। এ ছাড়া, বাংলাদেশি বংশোদ্ভূত মির্জা রুপা হক ইলিং সেন্ট্রাল অ্যান্ড অ্যাকটন এবং মির্জা রুশনারা আলী বেথনাল গ্রিন অ্যান্ড বো নির্বাচনী এলাকা থেকে বিজয়ী হয়েছেন।

মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা। বঙ্গবন্ধুর রাজনৈতিক আদর্শের একজন উত্তরাধিকারী হিসাবে তাঁর দৌহিত্রীর রাজনীতিতে যোগদান এবং স্থায়ী অবস্থান সুসংহত করে সংসদীয় গণতন্ত্রের পীঠস্থান যুক্তরাজ্যে এমপি নির্বাচিত হওয়া বাংলাদেশ ও বাঙালির জন্য গৌরবের বিষয়। একটি স্বাধীন দেশের স্থপতির একজন উত্তরসূরীর অপর একটি দেশের পার্লামেন্ট নির্বাচনে বিজয়ী হওয়া বিশ্বে একটি বিরল ঘটনা। এই বিজয় মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিকের আত্মবিশ্বাস, সাংগঠনিক দক্ষতা, গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তার প্রতিফলন। এ ক্ষেত্রে তাঁর মা শেখ রেহানা এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষা, দিকনির্দেশনা ও অনুপ্রেরণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

ব্রিটিশ শাসকেরা দীর্ঘকাল এই উপমহাদেশ শাসন করেছে। এই পর্যায়ে যুক্তরাজ্যের হাউজ অব কমন্সে বাংলাদেশি বংশোদ্ভূত মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, মির্জা রুশনারা আলী ও মির্জা রুপা হকের নির্বাচন এবং ঐ দেশের রাষ্ট্রব্যবস্থায় তাঁদের সক্রিয় অংশগ্রহণ বাঙালি জাতির জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও সমৃদ্ধ ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক এবং সেইসঙ্গে মির্জা রুশনারা আলী ও মির্জা রুপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd